

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭৭

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ২. তোমাদের মাঝে সেই ব্যক্তি সর্বোত্তম যে কুরআন (নিজে) শিখে এবং (অপরকে) তা শিখায়

باب خِيَارِكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ

আরবী

حَدَّثَنَا الْحَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا شُعْبَةُ أَخْبَرَنِي عَلْقَمَةُ بْنُ مَرْثَدٍ قَالَ سَمِعْتُ سَعْدَ بْنَ عُبَيْدَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السَّلْمِيِّ عَنْ عُثْمَانَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ خَيْرَكُمْ مَنْ عَلَّمَ الْقُرْآنَ أَوْ تَعَلَّمَهُ قَالَ أَقْرَأَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ فِي إِمْرَةِ عُثْمَانَ حَتَّى كَانَ الْحَجَّاجُ قَالَ ذَاكَ أَقْعَدَنِي مَقْعَدِي هَذَا

বাংলা

৩৩৭৭. উছমান রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের মধ্যে সেই ব্যক্তি সর্বোত্তম যে (অপরকে) কুরআন শিক্ষা দেয় অথবা (নিজে) তা শিখে।”

আবু আব্দুর রহমান উছমান রাযিয়াল্লাহু আনহু এর শাসনামলে কুরআন পড়িয়েছেন হাজ্জাজ আসার পূর্ব পর্যন্ত। তিনি বলেন, আমার এ বসার স্থানে তিনি আমাকে বসিয়েছিলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু কাছীর, ফাযাইলুল কুরআন পৃ: ২০৫; নাসাঈ, ফাযাইলুল কুরআন নং ৬১, ৬২; ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ১৩২; বাইহাকী, শুয়াবুল ইমান ২২০৫, ২২০৬, ২২০৭।

আর মারফু’ অংশটুকুর আমরা পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১১৮। আরও দেখুন, মুসনাদুল মাউসিলী ২/১৩৬-১৩৭; আসমা ওয়াস সিফাত পৃ: ২৩৭ -২৩৮; বাইহাকী, আল ই’তিকাদ পৃ: ৬২; ফিরইয়াবী, ফাযাইলুল কুরআন নং ১০-১৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83662>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন